



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(রাজস্ব শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৮.১৫.০১৫.২৬- ১৫৪

তারিখ: ০২/১৪৩৩ বঙ্গাব্দ
০৫/২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি।

উপর্যুক্ত বিষয়ে বিক্রয়তার আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

বিক্রেতার নাম ও ঠিকানা	ক্রয়তার নাম ও ঠিকানা
জগদীশ বড়ুয়া পিতা- মৃত কালী চরণ বড়ুয়া মাতা- বানু বড়ুয়া সাং- পূর্ব বড়ুয়া পাড়া, কক্সবাজার পৌরসভা, ডাকঘর- কক্সবাজার, উপজেলা ও জেলা- কক্সবাজার।	মিজানুর রহমান পিতা- ইয়ার মোহাম্মদ মাতা- রোকেয়া বেগম সাং- পূর্ব লারপাড়া, ঝিলংজা (পোর্ট), ডাকঘর- ঝিলংজা ৪৭০১, উপজেলা ও জেলা- কক্সবাজার।


শর্তসমূহ:

- এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রয়তার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।
- কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না।
- ক্রয়তাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ মেনে চলতে হবে।
- ক্রয়তাকে ল্যান্ড জোনিং ম্যাপের নির্দেশনামতে ভূমি ব্যবহার করতে হবে।
- ক্রয়তা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।
- তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা-২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা সংক্রান্ত সকল বিধি-বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।
- ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের উর্ধ্বসীমা অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনাপত্তি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।
- সমুদ্র সীমানার মধ্যে কোন স্থাপনা করা যাবে না।
- তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।

তফসিল:

উপজেলা	মৌজা	বিএস/সুজিত/দিয়ারা খতিয়ান	দাগ নম্বর	জমির শ্রেণি	জমির পরিমাণ
কক্সবাজার সদর	ঝিলংজা	৭১৩	৭১৯৮	নাল	০.০৬৬৬ একর

সাব-রেজিস্ট্রার
কক্সবাজার সদর, কক্সবাজার।


জনাব-সাব-রেজিস্ট্রার
রেজিনিউ ডেপুটি কালেক্টর
কক্সবাজার
ফোন: ০২৩৩৪৪৬২২২৫